



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/ ২৪৪৫/২

তারিখ: ১৬/০৩/২০১৮খ্রিঃ

বিষয়: জরুরী ভিত্তিতে কাগজপত্র দাখিলকরণ প্রসঙ্গে।

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/২৭৮৩/৬; তারিখ: ০৯/০১/২০১৮খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/২৭৩৫/৭; তারিখ: ১৪/১১/২০১৭খ্রিঃ
৩) নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/২৭০৪/৪; তারিখ: ০২/১০/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রেরিত সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকদ্বয়ের পত্র মোতাবেক কোন ব্যবস্থা গ্রহণ না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৪৬/৪/নথি নং- কিশোরগঞ্জ-০৯; তারিখ: ১৮/০১/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে কারণ দর্শানো হয়।

উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি যে জবাব দাখিল করেছেন তা পর্যালোচনায় দেখা যায়, একই বিষয়ে বিজ্ঞ আদালতে ০৬/২০১৮ মিস আপিল মামলা চলমান আছে। এ বিষয়ে স্থিতাবস্থা বজায় রাখার জন্য বিজ্ঞ আদালতের আদেশ আছে মর্মে উল্লেখ করা হয়েছে। তাঁর দাখিলী কাগজপত্রের সাথে মিস আপিল নং- ০৬/২০১৮ সংশ্লিষ্ট কোন কাগজপত্র পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায় ন্যায় বিচারের স্বার্থে মাদ্রাসার সভাপতিকে মিস আপিল নং- ০৬/২০১৮ এর মেমো অফ আপিল ও উক্ত আপিলে প্রদত্ত আদেশসমূহ পত্র প্রাপ্তির ০২ (দুই) সপ্তাহের মধ্যে বোর্ডে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


12.03.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮



প্রাপক: সভাপতি- ম্যানেজিং কমিটি, নগুয়া আয়শা আহাদ দাখিল মাদ্রাসা
ডাকঘর- কিশোরগঞ্জ, সদর, কিশোরগঞ্জ।

অনুলিপি:

- পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।